



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৩.২৭.১৬৮.২০২৩- ৫৪

তারিখ : ০৪/০১/২০২৪ খ্রি.

বিষয়: কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ রকিবুল হক মুন্সী (২২৪২৩), সহকারী অধ্যাপক (ফিন্যান্স ও ব্যাংকিং), সরকারি তিতুমীর কলেজ, ঢাকা একজন সরকারি কর্মকর্তা হয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে কলেজ প্রশাসন ও বিভাগের সিনিয়র কর্মকর্তাদের বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুকে) বিভিন্ন বিরূপ মন্তব্য করেছেন, যা মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা কর্তৃক জারীকৃত ‘সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯’ পরিপন্থি। আপনার এ ধরনের আচরণ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ০৪-০৮-২০২২ তারিখের ৩৭.০২.০০০০.১০৪.৯৯.০২৫.২০১৫-৫৯১ সংখ্যক স্মারকপত্রে উল্লেখিত নির্দেশনারও পরিপন্থি।

এমতাবস্থায়, জনাব মোঃ রকিবুল হক মুন্সী (২২৪২৩), সহকারী অধ্যাপক (ফিন্যান্স ও ব্যাংকিং), সরকারি তিতুমীর কলেজ, ঢাকা সরকারি কর্মকর্তা হয়ে “সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯” এবং আপনার এ ধরনের আচরণ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ০৪-০৮-২০২২ তারিখের ৩৭.০২.০০০০.১০৪.৯৯.০২৫.২০১৫-৫৯১ সংখ্যক স্মারকপত্রে উল্লেখিত নির্দেশনার পরিপন্থি কার্যকলাপের অভিযোগে কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবেনা তা পত্র প্রাপ্তির ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রফেসর মোঃ ওয়াহিদুজ্জামান

উপপরিচালক (কলেজ-১)

ফোন: ০২-৪১০৫০৬২০

জনাব মোঃ রকিবুল হক মুন্সী (২২৪২৩)
সহকারী অধ্যাপক (ফিন্যান্স ও ব্যাংকিং)
সরকারি তিতুমীর কলেজ, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- ৩) অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, ঢাকা;
- ৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৫) সংরক্ষণ নথি।